# Government of the People's Republic of Bangladesh
## Prime Minister's Office
## Access to Information (a2i) Programme

Empowered lives.
Resilient nations.

স্মারক নং: ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৪/৮৯ তারিখ: ২ ফেব্রুয়ারি, ২০১৪

বিষয়: ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি) এবং পৌর তথ্য ও সেবাকেন্দ্র (পিআইএসসি)-এর মাধ্যমে ই-সেবা ও ডিজিটাল বাংলাদেশ বিষয়ক প্রচার-প্রচারণার জন্য বরাদ্দ প্রসঙ্গে।

রূপকল্প ২০২১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেবার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নিউজিল্যান্ডের সাবেক প্রধানমন্ত্রী মিস হেলেন ক্লার্ক ২০১০ সালের ১১ নভেম্বর ভিডিও কনফারেন্সের মাধ্যমে একযোগে সারাদেশের সকল ইউনিয়ন পরিষদে ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি) স্থাপন করেন। ইউআইএসসি স্থাপনের ফলে গ্রামীন মানুষের জীবনে ব্যাপক ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে। জেলা প্রশাসনের গতিশীল নেতৃত্বের কারনেই ইউআইএসসিসমূহ কার্যকর ও টেকসই হয়ে উঠেছে। ইউআইএসসি'র সফল অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে, দেশের ৩১৯টি পৌরসভার মূল ভবনে 'পৌর তথ্য ও সেবাকেন্দ্র (পিআইএসসি)' স্থাপন করা হয়েছে, এবং পর্যায়ক্রমে পৌরসভাসমূহের ওয়ার্ড/কমিউনিটি পর্যায়ে পিআইএসসি স্থাপন করার কাজ চলছে। ইউআইএসসিসমূহের মতো পিআইএসসি স্থাপন, প্রশিক্ষণ, মনিটরিং ও টেকসইকরনে জেলা প্রশাসনের ভূমিকা ও উদ্যোগ প্রয়োজন।

ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি) এবং পৌর তথ্য ও সেবাকেন্দ্র (পিআইএসসি)-এর মাধ্যমে ই-সেবা ও ডিজিটাল বাংলাদেশ বিষয়ক প্রচার-প্রচার প্রচারণার জন্য এটুআই প্রকল্প থেকে বরাদ্দ রয়েছে। প্রতিটি ইউআইএসসি ও পিআইএসসি'র জন্য বরাদ্দ ৮,০০০/ (আট হাজার) টাকা, যার খাতওয়ারী বাজেট নিম্নরূপ:

| ক্রম | ইউআইএসসি/ পিআইএসসি'র খরচের খাত | খরচের পরিমাণ (টাকায়) | মোট খরচ (টাকায়) |
|---|---|---|---|
| ১ | জাতীয় বাতায়ন (ন্যাশনাল পোর্টাল) উদ্বোধন | ২,০০০/ | ২,০০০/ |
| ২ | তথ্য ও সেবাকেন্দ্রের জন্য বিলবোর্ড<br>(ডিজাইন পরবর্তীতে পাঠানো হবে) | ৫,০০০/ | ৫,০০০/ |
| ৩ | মাইকিং, সিনেমা প্রদর্শন ইত্যাদি | ১,০০০/ | ১,০০০/ |
| সর্বমোট: (কথায়) আট হাজার টাকা মাত্র | | | ৮,০০০/ |

প্রতিটি জেলার ইউআইএসসি ও পিআইএসসি সংখ্যা হিসেব করে মোট বরাদ্দ পাঠানো হচ্ছে। ইতোমধ্যে রংপুর বিভাগের সকল জেলায় এ বরাদ্দ পাঠানো হয়েছে, এবং পর্যায়ক্রমে অন্যান্য জেলাসমূহেও পাঠানো হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(নাঈমুজ্জামান মুক্তা)
জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়।
ইমেইল: naimuzzaman@pmo.gov.bd

জেলা প্রশাসক (সকল)
অনুলিপি: বিভাগীয় কমিশনার (সকল)